



ডেমরা পুলিশ লাইন্সে কনস্টেবলের মৃত্যু, পুলিশ বলছে আত্মহত্যা



সংগৃহীত ছবি

রাজধানীর ডেমরায় পুলিশ লাইন্সের (পাবলিক অর্ডার ম্যানেজমেন্ট-পিওএম, পূর্ব) একটি ভবন থেকে সাইদুল ইসলাম (২১) নামে এক পুলিশ কনস্টেবলকে অচেতন অবস্থায় উদ্ধার করা হয়েছে। পরে তাকে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক মৃত ঘোষণা করেন।

শুক্রবার (১৭ জুলাই) ভোরের দিকে এ ঘটনা ঘটে। নিহত সাইদুল ইসলাম ফেনী সদর উপজেলার লেমুয়া উত্তর চাঁদপুর গ্রামের বাসিন্দা এবং মো. সাদেকের ছেলে। তিনি প্রায় নয় মাস আগে বাংলাদেশ পুলিশে কনস্টেবল হিসেবে যোগদান করেছিলেন।

পুলিশ সূত্রে জানা যায়, পিওএম ভবনের সপ্তম তলার একটি কক্ষে কয়েকজন সদস্য একসঙ্গে অবস্থান করতেন। ঘটনার সময় অন্য সদস্যরা দায়িত্বে বাইরে থাকলেও সাইদুল কক্ষে একাই ছিলেন। পরে কক্ষটি দীর্ঘ সময় বন্ধ দেখতে পেয়ে সহকর্মীরা বিষয়টি উদ্ভবতন কর্তৃপক্ষকে জানান। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে দরজা খুলে তাকে বুলন্ত অবস্থায় দেখতে পায় এবং দ্রুত হাসপাতালে নেওয়া হয়।

পুলিশের সংশ্লিষ্ট কর্মকর্তারা জানিয়েছেন, ঘটনাস্থলের আলামত ও প্রাথমিক তথ্যের ভিত্তিতে এটি আত্মহত্যার ঘটনা বলে ধারণা করা হচ্ছে। তবে মৃত্যুর প্রকৃত কারণ নিশ্চিত হতে তদন্ত চলছে।

পরিবারের সদস্যদের দাবি, ব্যক্তিগত ও পারিবারিক কিছু সমস্যার কারণে সাইদুল মানসিকভাবে বিপর্যস্ত ছিলেন এবং কিছুদিন ধরে বিষণ্ণতায় ভুগছিলেন।

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল পুলিশ ক্যাম্পের ইনচার্জ (পরিদর্শক) মো. ফারুক জানান, মরদেহ ময়নাতদন্তের জন্য হাসপাতালের মর্গে রাখা হয়েছে। এ ঘটনায় প্রয়োজনীয় আইনগত প্রক্রিয়া অব্যাহত রয়েছে।